# এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**বাংলা (আবশ্যিক) প্রথম পত্র**

বিষয় কোড: | ১ | ০ | ১ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

**সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

## ক অংশ — গদ্য

**১.▶** শহরের ধনী ব্যবসায়ী পুলক চক্রবর্তী। তাঁরই একমাত্র ছেলে অবিনাশ চক্রবর্তী— পেশায় পুলিশ কর্মকর্তা। বহু জায়গা থেকে বিয়ের সম্বন্ধ আসে, অনেক পণের লোভ দেখায়। কিন্তু পুলক চক্রবর্তীর এক কথা। ভগবান আমাকে টাকা দিয়েছেন প্রয়োজনের চেয়ে একটু বেশিই, এখন সংসারে একটি লক্ষ্মী বউ চাই। তাই বলে ছেলেকে বেঁচে দিয়ে বউ আনতে যাব কোন দুঃখে?

ক. সবেমাত্র তিন হাজার টাকার নোট দেখে রায় বাহাদুর কী করলেন? ১

খ. 'এবারে বিশ হাজার টাকা পণ এবং হাতে হাতে আদায়' এ কথায় রায় বাহাদুরের মহিষীর কোন মানসিকতার পরিচয় মেলে? ২

গ. 'দেনাপাওনা' গল্পের সাথে উদ্দীপকের অমিল কোথায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'গল্পের রায় বাহাদুর যদি পুলক চক্রবর্তী হতেন, তাহলে হয়ত এ গল্পের পরিণতি এমন নাও হতে পারত' মন্তব্যটি বিচার কর। ৪

**২.▶** সকাল-সন্ধ্যায় বাড়ির সব আবর্জনা পরিষ্কার করে যাতে রেখে ফেলে দেওয়া হয়। গরুর গোয়ালের গোবরও এতে করেই ফেলা হয়। তাকে কেউ ঘরে উঠিয়ে রাখে না। উঠানের ধারে বা প্রাঙ্গানেই পড়ে থাকে, অথচ তার কোন অভিযোগ নেই। এই দরকারি অথচ বেদামী জিনিসটি হচ্ছে-ভাঙ্গাকুলা।

ক. নিম গাছটির কার সাথে চলে যেতে ইচ্ছে করল? ১

খ. 'ওদের বাড়ির গৃহকর্মা নিপুণা লক্ষ্মী বউটার ঠিক একদশা'— কেমন করে, বুঝাও? ২

গ. উদ্দীপকের ভাঙ্গাকুলার সাথে 'নিমগাছ' গল্পের কার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "সংসারে যার প্রয়োজন সবচেয়ে বেশি, তারই অযত্ন হয় বেশি"— নিমগাছ' গল্প এবং উদ্দীপক অবলম্বনে এ কথার সত্যাসত্য বিচার কর। ৪

**৩.▶** ভূমি অফিসের পরিচ্ছন্নতাকর্মী সুবল। তবে অফিসের বাবুরা কেউ তার সাথে ভাল ব্যবহার করে না। শুধু রুম নোংরা হলে কিংবা টয়লেট অপরিষ্কার হলেই তার ডাক পড়ে। কিন্তু সুবল সবার সাথে প্রাণখুলে মিশতে চায়; সবাইকে সে তার পরিবারের সদস্য মনে করে।

ক. 'বোধন-বাঁশি' অর্থ কী? ১

খ. 'হে মোর দুর্ভাগা দেশ! যাদের করেছ অপমান/অপমানে হতে হবে তাহাদের সবার সমান।'— কেন এবং কিভাবে? ২

গ. উদ্দীপকটি কোন দিক দিয়ে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের সাথে সাদৃশ্যপূর্ণ? ৩

http://teachingbd.com

ঘ. "একটি মর্যাদাবান রাষ্ট্র গঠন ও গণতান্ত্রিক অগ্রযাত্রায় ছোট বড়, উঁচু-নীচু, ধর্মীয় জাতিগত বিভেদ দূর করা প্রয়োজন"— 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' ও উদ্দীপক অনুযায়ী বিচার কর। ৪

৪.▶ আরিফ সাহেব একটি খ্যাতনামা মোবাইল কোম্পানিতে কর্মরত। মোটা বেতন পান। সংসারে বেশ স্বচ্ছলতা কিন্তু তিনি টাকা ছাড়া আর কিছুই চেনেন না। তাঁর স্ত্রী জহুরা বেগম তাদের একমাত্র ছেলেকে ইংরেজি সাহিত্য নিয়ে বিশ্ববিদ্যালয়ে পড়াতে চান কিন্তু আরিফ সাহেবের কথা-সাহিত্য পড়ে কী হবে, ছেলেকে ডাক্তারি পড়াব; আজকাল ডাক্তারদের রোজগারপাতি অনেক ভাল।

ক. কোনটি করা অকর্তব্য নয়? ১

খ. 'পাশ করা ও শিক্ষিত হওয়া এক বস্তু নয়'— লেখক এমন মন্তব্য করেছেন কেন? ২

গ. আরিফ সাহেবের চিন্তা চেতনা কোন দিক দিয়ে 'বই পড়া' প্রবন্ধের লেখকের মতাদর্শের সাথে বৈসাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. "'বই পড়া' প্রবন্ধের বক্তব্য উদ্দীপকের সাহেবের চিন্তাভাবনার পরিবর্তন অপরিহার্য"- মন্তব্যটি বিচার কর। ৪

## খ অংশ — পদ্য

৫.▶ বুড়িগঙ্গার পাশে লঞ্চঘাটের অপরিসর বিশ্রামাগারে যে দৃশ্য দেখেছিলাম সেটা ভুলবার নয়। শুনেছিলাম বহুলোক আশ্রয় নিয়েছিল সেখানে। যখন গেলাম, দেখলাম কেউ নেই। দেখলাম মেঝেতে পুডিং এর মতো জমাট রক্ত। বুটের দাগ। একটা মানুষ টেনে নিয়ে যাওয়ার ছাপ। একপাটি চটি। দুটো হাতের আঙুল। খুলির একটা টুকরো অংশ। এক খাবলা মগজ। কালো রক্ত। লাল রক্ত। চাপ চাপ রক্ত।— 'সময়ের প্রয়োজনে' জহির রায়হান।

ক. কবি শামসুর রাহমানের মৃত্যু তারিখ কত? ১

খ. 'আর কতবার দেখতে হবে খান্ডবদাহন?' কবির এমন প্রশ্নের কারণ কী? ২

গ. উদ্দীপকের দৃশ্যপট 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার কোনটির সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার মূল সুর উদ্দীপকে অনুপস্থিত।'— মন্তব্যটি বিচার কর। ৪

৬.▶ **অংশ-১:** সেই সুমধুর স্তব্ধ দুপুর, পাঠশালা পলায়ন;
ভাবিলাম হায় আর কি কোথায় ফিরে পাব সে জীবন।

**অংশ-২:** এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি,
সকল দেশের রানী সে যে- আমার জন্মভূমি।

ক. চতুর্দশপদী কবিতার প্রথম আট চরণের স্তবককে কী বলে? ১

খ. 'দুগ্ধ-স্রোতোরূপী তুমি জন্মভূমি স্তনে' স্বদেশপ্রেমের অনুভূতিতে এ উক্তির তাৎপর্য ব্যাখ্যা কর। ২

http://teachingbd.com

গ. উদ্দীপকের অংশ-১ এ 'কপোতাক্ষ নদ' কবিতার কবির যে চেতনা ফুটে উঠেছে, তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের অংশ-১ ও অংশ-২ মিলে 'কপোতাক্ষ নদ' কবিতার সামগ্রিক ভাব প্রকাশে সমর্থ্য হয়েছে কী? যুক্তিপূর্ণ উত্তর উপস্থাপন কর। ৪

**৭.▶** দৃষ্টি প্রতিবন্ধী সাবেরার বিয়ের পর থেকেই স্বামী তাকে অবহেলা করতে থাকে। স্বামীর পরিবারের সবাই তাকে এড়িয়ে চলে। সাবেরা মনের দুঃখে বাড়ির বাইরে বাগানের গাছতলায় একা একা বসে শুধু কাঁদে। রিমিঝিম বৃষ্টিতে তার চোখের জল ধুয়ে যায়। সে ভাবে-বর্ষা বুঝি তার মনের কথাই বলছে।

ক. 'মধুমদির বাসে' কথাটির অর্থ কী? ১

খ. 'চোখ গেল, তার ভরসা তবু আছে/চক্ষুহীনার কী কথা কার কাছে'— কথাটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'অন্ধবধূ' কবিতার কোনটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "দৃষ্টিহীন মানুষ সমাজে অবহেলিত হলেও ইন্দ্রিয়ানুভূতিতে তারা অত্যন্ত সংবেদনশীল" 'অন্ধবধূ' কবিতা ও উদ্দীপকের আলোকে বিচার কর। ৪

## গ অংশ — সহপাঠ (উপন্যাস)

**৮.▶** ঘটনাস্থল পাবনার আটঘড়িয়ার ফৈলজানা গ্রাম: সময়কাল ১৯৭১-র ২৭ জুন। আহসান মোল্লা তখন টগবগে যুবক। সহযোদ্ধাদের নিয়ে তিনি গ্রামের প্রবেশমুখে ব্রীজের নিচে অবস্থান করছেন কারণ খবর পেয়েছেন পাক হানাদারদের একটি দল আজই এ গ্রামে অপারেশন চালাবে। বিকেলের দিকে হানাদার বাহিনী ব্রীজ অতিক্রম করা মাত্র আহসান মোল্লা ও তার সঙ্গীদের এ ল এমজি গর্জে ওঠে। হানাদারদের বেশির ভাগই খতম হয়। সুজলা-সুফলা আর পাখিডাকা শান্তিপূর্ণ এ গ্রামটি রক্ষা পায়।

ক. বুধাকে 'পিচ্চি শয়তান' বলেছিল কে? ১

খ. মিলিটারি ক্যাম্পে শাস্তি পাওয়ার পরও বুধা খুশি হয়েছিল কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আহসান মোল্লার সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কার চরিত্রের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "কৌশল ভিন্ন হলেও 'কাকতাড়ুয়া' উপন্যাস ও উদ্দীপকের ঘটনার উদ্দেশ্য প্রায় একই রকম" উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

**৯.▶** দশ বছরের ছেলে আতিকের আপন বলতে কেউ নেই। লঞ্চে করে বেড়াতে যাবার সময় ঝড়ের কবলে পড়ে ওর বাবা মা আর বোনটা মারা যায়। ওরও মারা যাবার কথা কিন্তু ভাসতে ভাসতে এক জেলের জালে উঠলে জেলেটি তাকে নিজের

http://teachingbd.com

সন্তানের মতই মানুষ করতে থাকে। সংসারের দারিদ্র্যের কারণে ঠিকমত খেতে-পরতে দিতে পারে না। তাই আতিক জীবিকার তাগিদে চায়ের দোকানে পানিটানা, বাজারের কুলির কাজ কিংবা কারো খড়ি ফাড়ার কাজ করে।

ক. সেলিনা হোসেন কোথায় জন্মগ্রহণ করেন? ১

খ. বুধাকে কী 'কিশোর মুক্তিযোদ্ধা' বলা যায়? ২

গ. আতিক ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার মধ্যে কোন ক্ষেত্রে মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "বাবা মায়ের স্বাভাবিক স্নেহ-ভালোবাসাই পারে সন্তানকে প্রকৃত মানুষ করে গড়ে উঠতে"— 'কাকতাড়ুয়া' উপন্যাস ও উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

## ঘ অংশ — সহপাঠ (নাটক)

**১০.▶** প্রথম স্ত্রীর সন্তান না হওয়ায় রইস সন্তানের আশায় শেফালিকে বিয়ে করতে চায়। রইসের অর্থসম্পদ ও ক্ষমতা থাকায় শেফালির বাবা মা এ বিয়েতে রাজি হয়ে যায়। কিন্তু চতুর্দশী শেফালি পিতার সিদ্ধান্তের বিরোধিতা করে পালিয়ে গিয়ে থানায় জানালে পুলিশের হস্তক্ষেপে বিয়ে বন্ধ হয়। এলাকার চেয়ারম্যান তার লেখাপড়ার দায়িত্ব নেন।

ক. 'বহিপীর' নাটকের প্রথম সংলাপটি কার? ১

খ. 'পীর সাহেব সাবধানী লোক'— কে, কাকে এবং কেন এ কথা বলেছিল? ২

গ. উদ্দীপকের শেফালি কোন বৈশিষ্ট্যের জন্য 'বহিপীর' নাটকের তাহেরার সমগোত্রীয় নয়?- ব্যাখ্যা কর। ৩

ঘ. "তাহেরার পরিণতি কাঙ্ক্ষিত হলেও স্বস্তিদায়ক নয় কিন্তু শেফালির পরিণতি অত্যন্ত গঠনমূলক"— মন্তব্যটি বিচার কর। ৪

**১১.▶** আজিজ সাহেব বড় ব্যবসায়ী ছিলেন। পরপর দুবার দেশে দাঙ্গা-হাঙ্গামার ফলে তিনি ব্যবসায়ে বড় ধরনের মার খান। দেনার দায়ে তার প্রায় কোটি টাকার বাড়িটি নিলামে ওঠে। এসময় তার একবন্ধু টাকা ধারদিতে চাইলেও তিনি তা গ্রহণ করেননি।

ক. 'বহিপীর' নাটকটি প্রথম কখন অভিনীত হয়? ১

খ. "অত ভাবলে কি কেউ পালাতে পারে?" তাহের এ উক্তিতে তার চরিত্রের কোন দিকের পরিচয় পাওয়া যায়? বুঝিয়ে বল। ২

গ. উদ্দীপকের আজিজ সাহেব 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাথে তুলনীয়?- ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের বিষয়টি 'বহিপীর' নাটকের মুখ্য বিষয় নয়" -মন্তব্যটির পক্ষে বা বিপক্ষে তোমার যুক্তি দেখাও। ৪

teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট  পূর্ণমান — ৩০  বিষয় কোড: | ১ | ০ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. গল্প বলা এ বয়সের রোগ এখানে কোন বৈশিষ্ট্যের কথা বলা হয়েছে?**

ক) বদ অভ্যাস  খ) বাচালতা
গ) বয়সের বাতিক  ঘ) অল্পজ্ঞান সম্পন্ন

**নিচের উদ্দীপকটি পড় এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাওঃ**

তর্করত্ন কহিলেন ধার নিবি। শোধ দিবি কীভাবে? যেমন করে পারি শুধব বাবাঠাকুর, তোমাকে ফাঁকি দিব না।

**২. তর্করত্ন অভাগীর স্বর্গ গল্পের কোন চরিত্রের প্রতিনিধি?**

ক) ঠাকুরদা  খ) রসিক দুলে
গ) দারোয়ান  ঘ) অধর

**৩. এই প্রতিনিধিত্বের কারণ হলো—**

i. উভয়েই জমিদারের প্রতিনিধি
ii. জমিদারের গোমস্তা
iii. জমিদার ও ব্রাহ্মণ

**নিচের কোনটি সঠিক?**

ক) i  খ) ii
গ) iii  ঘ) i, ii ও iii

**৪. বেগম রোকেয়া কাকে মূর্তিমান কাব্য বলেছেন?**

ক) পুরুষকে  খ) নারীকে
গ) বাঙালিকে  ঘ) বিদেশিকে

**৫. অভাগী কখন মারা যায়?**

ক) সকালে  খ) দুপুরে
গ) সন্ধ্যায়  ঘ) রাতে

**৬. জীবনের খণ্ডাংশ সাহিত্যের কোন শাখায় প্রতিফলিত হয়?**

ক) কবিতা  খ) উপন্যাস
গ) নাটক  ঘ) ছোটগল্প

**৭. স্বশিক্ষিত বলতে বোঝায়—**

ক) সৃজনশীল  খ) বুদ্ধিমান
গ) সার্টিফিকেট প্রাপ্ত  ঘ) উচ্চ শিক্ষিত

**৮. শরৎচন্দ্র তাঁর 'অভাগীর স্বর্গ' গল্পে উপস্থাপন করেছেন—**

ক) জীবনের যন্ত্রণা
খ) গরিবের দুঃখ কষ্ট
গ) সামন্তবাদ
ঘ) গরিবের কামনা বাসনা

**৯. মাটির ভিতর শিকড় অনেক দূর চলে গেছে। কার শিকড়?**

i. কবিরাজের
ii. নতুন ধরনের লোকটার
iii. লক্ষ্মী বউটার

**নিচের কোনটি সঠিক?**

ক) i  খ) ii
গ) ii ও iii  ঘ) iii

**১০. 'নুরুলদীনের সারাজীবন' কী জাতীয় রচনা?**

ক) উপন্যাস  খ) কবিতা
গ) নাটক  ঘ) গল্প

**নিচের উদ্দীপকটি পড়ে ১১ নং প্রশ্নের উত্তর দাও ঃ**

সাগর সৈকতে
কে যেন দূর হতে আমাকে ডেকে যায়
পারি না যেতে তবু
শেকল বাধা এ দুটি পায়

**১১. উদ্দীপকটি কোন রচনাটিকে নির্দেশ করে?**

ক) বইপড়া  খ) শিক্ষা ও মনুষ্যত্ব
গ) নিমগাছ  ঘ) দেনাপাওনা

**১২. সব ব্যাটাই এখন বামুন-কায়েত হতে চায় এখানে প্রকাশ পেয়েছে—**

ক) হতাশা  খ) অনুশোচনা
গ) আক্ষেপ  ঘ) জাত্যাভিমান

**১৩. 'গণসূর্যের মঞ্চ' বলতে কী বোঝানো হয়েছে?**

ক) আলোচিত মঞ্চ
খ) উদ্দীপ্ত মঞ্চ
গ) নেতার মঞ্চ সূর্যের মতো
ঘ) বিপ্লবী মঞ্চ

**১৪. কোথা থেকে তুমি এলে? 'আমার পরিচয়' কবিতায় জিজ্ঞাসাটি কার?**

ক) পলিমাটি  খ) অবন ঠাকুরের
গ) তেরোশ নদী  ঘ) বার ভুঁইয়ার

Teachingbd.com

http://teachingbd.com

১৫. ‘কপোতাক্ষ নদ’ কবিতায় প্রকাশ পেয়েছে—
ক) ভাষা প্রীতি খ) নদীপ্রেম
গ) স্মৃতিকাতরতা ঘ) স্বাজাত্যবোধ

১৬. ‘প্রাণ’ কবিতায় সংগীত বলতে বুঝানো হয়েছে—
ক) উচ্চাঙ্গ সংগীত খ) আধুনিক গান
গ) সুরের প্রবাহ ঘ) মানবসৃষ্ট কর্ম

১৭. কবি জীবনানন্দের প্রকৃতিবোধের মধ্যে অসাধারণ তাৎপর্যে ধরা পড়েছে—
ক) নদী খ) নক্ষত্র
গ) চালতা ফুল ঘ) লক্ষ্মীপেঁচা

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাওঃ**

আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে— এই বাংলায় হয়ত মানুষ নয় হয়তবা শঙ্খচিল শালিকের বেশে।

১৮. উদ্দীপকে ‘প্রাণ’ কবিতার কোন দিক প্রকাশ পেয়েছে?
ক) সৌন্দর্য প্রিয়তা খ) অমরত্ব প্রত্যাশা
গ) স্বদেশ চেতনা ঘ) কর্মের প্রেরণা

১৯. উক্ত দিকের কারণে কবি কণ্ঠে ধ্বনিত হয়েছে—
i. মরিতে চাহিনা আমি সুন্দর ভুবনে
ii. নব নব সংগীতের কুসুম ফুটাই
iii. তোমাদের মাঝখানে লভি যেন ঠাঁই
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০. কোনটি দেখে কবি মানুষকে ভবিষ্যতে নির্ভর করতে বারণ করেছেন?
ক) বাহ্যদৃশ্য খ) মনোহরমূর্তি
গ) নিশার স্বপন ঘ) ভবের উন্নতি

২১. ঝর্ণার গান কবিতায় কোন পাখির উল্লেখ নেই?
ক) বুলবুলি খ) শালিক
গ) চকোর ঘ) মাছরাঙা

২২. ক্ষুধার ঠাকুর, দাঁড়ায়ে দুয়ারে পূজার সময় হল— উক্তিটি কার?
ক) পূজারির খ) মোল্লার
গ) কবির ঘ) মুসাফিরের

২৩. বৃথা জন্ম এ সংসারে— এ অংশটি দ্বারা মানব জীবনের কোন ভাবাবেগটি উঠে এসেছে?
ক) হতাশা খ) আনন্দ
গ) উল্লাস ঘ) নিরর্থক

২৪. কবির দৃষ্টিতে জনসমুদ্রের উদ্যান হল—
ক) জনসমুদ্রের তীর
খ) জনসমুদ্রের বাগান
গ) বিপ্লবী জনতার সংগ্রাম
ঘ) লক্ষ মানুষের ব্যাকুলতা

২৫. ‘কাকতাড়ুয়া’ উপন্যাসে বাস্তব জীবন থেকে নেওয়া চরিত্রগুলো—
ক) বুধা, বঙ্গবন্ধু
খ) শাহাবুদ্দিন, কুন্তি
গ) শাহাবুদ্দিন, বঙ্গবন্ধু
ঘ) আহাদ মুন্সি, বঙ্গবন্ধু

২৬. নাটকের প্রাণ বলতে কোনটিকে বুঝায়?
ক) অঙ্ক খ) সংলাপ
গ) কাহিনী ঘ) চরিত্র

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাওঃ**

প্রচণ্ড ঝড় এল রাতে। বৈশাখী ঝড়। বিরাট গাছ চাপা পড়ল রহিমদের ঘরের উপর। বাবা-মা, ভাই-বোন সবাই মারা গেল। একা বেঁচে থাকল রহিম।

২৭. উদ্দীপকের রহিমের সাথে কাকতাড়ুয়া উপন্যাসের কোন চরিত্রটির মিল আছে?
ক) বুধা খ) মিঠু
গ) আলি ঘ) হরিকাকু

২৮. উদ্দীপকের রহিম ‘কাকতাড়ুয়া’ উপন্যাসের বুধার মত—
i. এতিম
ii. অসহায়
iii. সাহসী
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) i ও ii ঘ) i ও iii

২৯. এমন ঝড় কখনো দেখেনি— উক্তিটি কার?
ক) হাসেমের
খ) তাহেরার
গ) খোদেজার
ঘ) বহিপীরের

৩০. ‘বহিপীর’ নাটক কত সালে প্রথম প্রকাশিত হয়?
ক) ১৯৫৮ খ) ১৯৬০
গ) ১৯৬২ ঘ) ১৯৬৪

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ঘ | ৩ | ক | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | গ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | খ |

http://teachingbd.com